

তারিখঃ ২৭ নভেম্বর ২০১৪

বরাবর

জেলা প্রশাসক

বান্দরবান পার্বত্য জেলা।

বিষয়ঃ অর্জিত ছুটির মেয়াদ বর্ধিতকরণের আবেদন।

মহোদয়,

যথাবিহীত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী আপনার কার্যালয়ের একজন সহকারী কমিশনার। আমার গত ১১ নভেম্বর ২০১৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে একাডেমিক প্রয়োজনে ১৬-৩০ নভেম্বর ২০১৪ তারিখ পর্যন্ত ১৫ (পনের) দিনের অর্জিত ছুটি মহোদয় কর্তৃক সদয় মঞ্জুর করা হয়। এ বিষয়ে মহোদয়ের সদয় জ্ঞাতার্থে আরও জানানো যাচ্ছে যে নির্ধারিত সময়ে আমার বিবেচ্য একাডেমিক কাজ সম্পন্ন না হওয়ায় আমার ছুটির মেয়াদ বর্ধিত করা বিশেষ প্রয়োজন। উল্লেখ্য আমার বিবেচ্য একাডেমিক কাজ সম্পন্ন হওয়ার সাথে সাথে কর্মস্থলে যোগদানপূর্বক বর্ধিত অর্জিত ছুটি মঞ্জুরের জন্য মহোদয় সমীপে আবেদন করবো।

এমতাবস্থায় আমাকে ইতোমধ্যে ভোগকৃত ১৫(পনের) দিনের অর্জিত ছুটির মেয়াদ বর্ধিতকরণের অনুমতিসহ কর্মস্থল ত্যাগের অনুমতি দানে বাধিত করবেন।

ছুটিকালীন ঠিকানাঃ


বাড়ি নং-২৪৮

পশ্চিম নাখালপাড়া

তেজগাঁও, ঢাকা-১২০০

মোবাইল নম্বরঃ ০১৫৫২৮০৭৯৯৮

আপনার একান্ত অনুগত



(মোঃ মাসনুল করিম)

সহকারী কমিশনার

জেলা প্রশাসকের কার্যালয়

বান্দরবান পার্বত্য জেলা।